

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
পবিস মানব সম্পদ পরিদপ্তর
সদর দপ্তর ভবন(৮ম-তলা)
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
#০২-৮৯০০৪৩৩
e-mail: dir.pbshr@gmail.com
web site: www.reb.gov.bd

স্মারক নং-২৭.১২.০০০০.১১০.০১৯.৫০৩.২০. ২৬২৭

তারিখঃ ২৪ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ
০৮ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ


সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার
সকল পল্লী বিদ্যুৎ সমিতি।

বিষয় : বিদ্যুৎ প্রতিমন্ত্রী মহোদয়ের পিএস/এপিএস, বিদ্যুৎ সচিব মহোদয়ের পিএস-এর নাম/পরিচয়/পদবী ব্যবহার করে পবিসের কর্মকর্তা/কর্মচারীদের চাহিদামত অথবা দূরবর্তী পবিসে বদলীর ভয় দেখিয়ে তাদের নিকট হতে অনৈতিকভাবে অর্থ আদায়ের প্রচেষ্টা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, একটি সংঘবদ্ধ অশুভ চক্র বিদ্যুৎ প্রতিমন্ত্রী মহোদয়ের পিএস/এপিএস, সচিব মহোদয়ের পিএস-এর নাম/পরিচয়/পদবী ব্যবহার করে সমিতির কর্মকর্তা/কর্মচারীগণকে দূরবর্তী পবিসে বদলীর আতঙ্ক সৃষ্টি অথবা চাহিদামত বদলীর বিনিময়ে অর্থ হাতিয়ে নেয়ার চেষ্টা চালাচ্ছে। এই চক্রটি বিশেষভাবে সমিতির যে সকল কর্মকর্তা/কর্মচারী একই কর্মস্থলে অপেক্ষাকৃত বেশী সময় ধরে কর্মরত রয়েছেন এবং স্বামী-স্ত্রী একই পবিসে কর্মরত রয়েছেন তাঁদেরকে টার্গেট করে আতঙ্ক সৃষ্টির মাধ্যমে মোটা অঙ্কের টাকা দাবী করছেন। এক্ষেত্রে চক্রটি বর্তমানে বিদ্যুৎ প্রতিমন্ত্রী মহোদয়ের পিএস/এপিএস, বিদ্যুৎ সচিব মহোদয়ের পিএস-এর নাম, পদবী ও পরিচয় ব্যবহার করছেন। ফলে পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে একটি বদলী আতঙ্ক তৈরী হচ্ছে। এ ধরনের কর্মকান্ড নেতিবাচক ধারণা সৃষ্টি করছে।


এ ধরনের টেলিফোন প্রাপ্তির পর তাদেরকে চিহ্নিত করে আইনের আওতায় আনার লক্ষ্যে সংশ্লিষ্ট মোবাইল নম্বরসহ (যে নম্বর থেকে ফোন করে টাকা দাবী করা হয়/হচ্ছে) স্থানীয় পুলিশ স্টেশনে সাধারণ ডায়েরী করে উক্ত বিষয়টি স্থানীয় RAB অফিসে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হলো।

এছাড়াও, স্টাফ সভায় বিষয়টি আলোচনাসহ সমিতির সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও আপনাকে অনুরোধ করা হলো।


০৮.৯.২০২০
(ডালী ইউসুফ আহমেদ)
পরিচালক (প্রশাসন)

কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। প্রধান প্রকৌশলী (প্রকল্প/প ও প), বাপবিবো, ঢাকা।
- ০৩। নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপবিবো, ঢাকা।
- ০৪। সচিব, বাপবিবো, ঢাকা।
- ০৫। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃঅঃ/উঃঅঃ/দঃঅঃ/পূঃঅঃ/পঃঅঃ)/কর্মচারী প্রশাসন/প্রশিক্ষণ/তদন্ত ও শৃংখলা/পবিস তদন্ত ও অনুসন্ধান/ লিগ্যাল এ্যাফেয়ার্স/আর্থিক মনিটরিং (উঃঅঃ/ দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৬। পরিচালক, সিস্টেম অপারেশন (কেন্দ্রীয় অঞ্চল), বাপবিবো, ঢাকা।
- ০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ০৯। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/সমিতি ব্যবস্থাপনা/পরিচালনা ও উন্নয়ন/বিতরণ ও পরিচালন), বাপবিবো, ঢাকা।


০৮.০৯.২০২০
(ফারহান লাবীব জিসান)
সহকারি পরিচালক